গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২ (পরিবহন)
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

প্রভাব মূল্যায়নের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

ক) প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ

১.০ প্রকল্পের নাম : সৈয়দপুর রেলওয়ে ওয়ার্কশপ আধুনিকীকরণ (১ম সংশোধিত)

২.০ বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ রেলওয়ে

৩.০ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : রেলপথ মন্ত্রণালয়

৪.০ প্রকল্পের অবস্থান : নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলা।

৫.০ অনুমোদিত ব্যয় : ১৫৬৯৯.৮৮ লক্ষ টাকা (জিওবি/জেডিসিএফ অর্থায়ন)

৬.০ প্রকল্পের বাস্তবায়নকাল : ০১/০৩/২০০৯ হতে ৩০/০৬/২০১৬

৭.০ প্রকল্পের পটভূমিঃ ১৮৭০ সালে প্রতিষ্ঠিত সৈয়দপুর রেলওয়ে ওয়ার্কশপের অতি পুরাতন অবকাঠামো ও জরাজীর্ণ যন্ত্রাংশ এবং মেশিনারিজ এর কারণে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী কোচ, ওয়াগন, ক্রেন, এবং বয়লার মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ ফলপ্রসুভাবে সম্পাদন করা সম্ভব হচ্ছে না। ফলে যাত্রী ও মালামাল পরিবহনের জন্য প্রয়োজনীয় সংখ্যক কোচ ও ওয়াগন মেরামত করে সময়মত সরবরাহ করা যাচ্ছে না। ওয়ার্কশপটি আধুনিকায়ন করা হলে বাংলাদেশ রেলওয়ের ক্যারেজ এবং ওয়াগন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ দ্রুততর ও মানসম্পন্নভাবে করাসহ উৎপাদন ক্ষমতা বৃদ্ধি পাবে। এই ওয়ার্কশপকে একটি কার্যকর এবং বিশেষ উৎপাদন ইউনিট হিসেবে তৈরী করা হলে রেলওয়ের প্রয়োজনীয় ও অধিকাংশ যন্ত্রাংশ এখানে তোইরী করা সম্ভব হবে। সে কারণে সৈয়দপুর রেলওয়ে ওয়ার্কশপ আধুনিকীকরণের জন্য জিওবি/জেডিসিএফ এর অর্থায়নে আলোচ্য প্রকল্পটি মোট ১২২.২২ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে মার্চ,২০০৯ হতে জুন,২০১২ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২৮/০৪/২০০৯ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ০১/১০/২০১৩ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপি ১৫৬.৯৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে মার্চ,২০০৯ হতে জুন,২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটির মেয়াদ জুন,২০১৬ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

৮.০ প্রকল্পের উদ্দেশ্যঃ
* সৈয়দপুর রেলওয়ে ওয়ার্কশপ আধুনিকীকরণ;
* ইহার দক্ষতা ও উৎপাদন ক্ষমতা বৃদ্ধি করা;
* বাংলাদেশ রেলওয়ের ক্রমবর্ধমাণ ক্যারেজ ও ওয়াগনের মেরামত ও মেইনটেনেন্স এর জন্য কারখানাটিকে উপযোগী করা।

৯.০ প্রকল্পের মূল কার্যক্রম/প্রধান প্রধান অঙ্গ ও ব্যয় (লক্ষ টাকা)

অঙ্গের নাম (পরিমাণসহ)	অনুমোদিত ব্যয়
মেকানিক্যাল প্লান্টস, মেশিনারী এন্ড ওয়ার্কস	৬২৯৪.১৩
ইলেকট্রিক্যাল প্লান্টস,মেশিনারী এন্ড ওয়ার্কস	১৪৭১.৬০
পূর্ত কাজঃ ২৫ কি.মি. রেলওয়ে ট্র্যাক পুনর্বাসন, ১৭টি শপ, ১টি ওভার হেড পানির ট্যাংক	৪৯০৭.৬১

খ) পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (TOR)

১০.০ পরামর্শক প্রতিষ্ঠানের দায়িত্বঃ

- প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধন, প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অর্থায়ন, ফিজিবিলিটি স্টাডি, ডিপিপি অনুযায়ী বছরভিত্তিক বরাদ্দ সংস্থান, বছরভিত্তিক এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ের প্রাসংগিক তথ্য পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
- প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির (বাস্তব ও আর্থিক) তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণী/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
- প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (PPR, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে কি-না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- প্রকল্পের আওতায় সংগৃহীত পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন, গুণগত মান ও পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছিল কি-না তা যাচাই করা;
- প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন বিষয় যেমনঃ অর্থ ছাড়ে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, প্রকল্প ব্যবস্থাপনার মান এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
- প্রকল্পের আওতায় সম্পাদিত মূল কার্যক্রমসমূহের কার্যকারিতা ও উপযোগিতা বিশ্লেষণ এবং বিশেষ সফলতা (Success Stories, যদি থাকে) বিষয়ে আলোকপাত;
- প্রকল্পের Exit Plan অর্জন সম্পর্কে পর্যালোচনা ও মতামত প্রদান;
- প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি (SWOT) বিশ্লেষণ এবং ভবিষ্যতে একই ধরনের প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে যথোপযুক্ত সুপারিশ প্রদান;
- আর্থ-সামাজিক প্রেক্ষাপট বিবেচনায় প্রকল্পটির প্রভাব মূল্যায়ন;
- মেকানিক্যাল প্লান্টস এন্ড মেশিনারিজ , ইলেকট্রিক্যাল প্লান্টস এন্ড মেশিনারিজ , রেলওয়ে ট্র্যাক পুনর্বাসন, রেলওয়ের বিভিন্ন শপ যেমন-ক্যারেজ শপ, পেইন্ট এন্ড জিওএইচ শপ ইত্যাদি শপ স্থাপনে কাজের মান, মেশিনারিজের মান, নির্মাণ উপকরণসমূহের মান ইত্যাদি বিষয়ে যথোপযুক্ত সুপারিশ প্রদান;
- ওয়ার্কশপের দক্ষতা ও উৎপাদন ক্ষমতার বিষয়ে সুনির্দিষ্ট সুপারিশ থাকতে হবে;
- উল্লিখিত প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে প্রয়োজনীয় সুপারিশসহ প্রকল্প এলাকা থেকে সংগৃহীত তথ্যের ভিত্তিতে মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন ও ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক প্রতিবেদনের অনুমোদন গ্রহণ;
- স্থানীয় পর্যায়ের একটি ও জাতীয় পর্যায়ের একটি কর্মশালা আয়োজন করে মূল্যায়ন কাজের পর্যবেক্ষণ (Findings) সমূহ অবহিত করা ও কর্মশালায় প্রাপ্ত মতামত/সুপারিশসমূহ বিবেচনা করে মূল্যায়ন প্রতিবেদনটি চূড়ান্তকরণ; এবং
- ক্রয়কারী সংস্থা (আইএমইডি)-এর সাথে সময়ে সময়ে আলোচনা ও পরামর্শক্রমে আরোপিত অন্যান্য সংশ্লিষ্ট কার্যক্রম সম্পাদন।

১১.০ পরামর্শক প্রতিষ্ঠানের প্রকৃতি ও যোগ্যতাঃ

ক্রঃনং	পরামর্শকের ধরণ	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১	পরামর্শক প্রতিষ্ঠান		গবেষণা এবং উন্নয়ন প্রকল্পের প্রভাব মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ০১ (এক) বছরের অভিজ্ঞতা
২	টীম লিডার	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ন্যূনতম বি.এস.সি ডিগ্রী	ক) নির্মাণ সংশ্লিষ্ট মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং কাজে ১৫ (পনের) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। তন্মধ্যে টীম লিডার হিসেবে প্রকল্পের বাস্তবায়ন/পরিবীক্ষণ/মূল্যায়ন কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; খ) বাংলাদেশ রেলওয়ের পারমানেন্ট ওয়ে নির্মাণ/পুনর্বাসন কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা;